# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ২৭ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।

তারিখ : ০৮-০৭-২০২১ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

স্থান : Zoom Application এর মাধ্যমে সকল সদস্য সংযুক্ত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

আলোচনা ০১:- বিগত সভার কার্যবিবরনী দৃঢ়ীকরণ - সভার প্রারম্ভে অদ্য সভার সভাপতি Zoom Application এর মাধ্যমে সংযুক্ত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচনা০২:-অগ্রগতি পর্যালোচনাঃ- আলোচনাকলে উপস্থিত প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব অফিসের অগ্রগতি পাঠ করে শুনান।

(ক) কৃষি বিভাগ:- আলোচনাকালে উপজেলা কৃষি অফিসার জানান উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত: বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে: উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট।

(খ) প্রকৌশল বিভাগ:- (১) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে আওতায় সকল প্রকল্পের কাজ স্থগিত রাখার সার্কুলার পাওয়া গিয়েছিল পরবর্তীতে তা শিথিল করার সার্কুলার পাওয়া যায়। বার্ষিক উন্নয়ণ কর্মসূচী (এডিপি) ও উন্নয়ন তহবিলের আওতায় দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ঠিকাদার নির্ধারণ করে কাজ বুঝিয়ে দেওয়া হয়েছে। তবে সীমিত সময়ের মধ্যে কাজ শেষ করতে না পারায় টাকা উত্তোলন করে রাখা হয়েছে কাজ শেষ হলে বিল দেওয়া হবে। হিসাব নিয়ন্ত্রক অফিসে বার্ষিক উন্নয়ণ কর্মসূচীর আওতায় দাখিলকৃত ১০ টি প্যাকেজের মধ্যে ৩/৪টির কাজ শেষ, চেকের মেয়াদ-২২ শে জুলাই পযন্ত, ১৫ জুলাইয়ের মধ্যে কাজ শেষ করতে হবে অন্যথায় ২২ তারিখের পর টাকা সরকারী কোষাগারে ফেরত যাবে। তিনি এ বিষয়ে পরামর্শ বা সুপারিশ প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, চলতি বছরে বার্ষিক উন্নয়ণ কর্মসূচীর (এডিপি) আওতায় ৯০,৭১,০০০/-(নব্বই লক্ষ একাত্তর হাজার)টাকার বরাদ্দ পাওয়া যায়। সময় সীমিত থাকার কারনে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ১০ টি প্যাকেজে গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের সার্থে হিসাব নিয়ন্ত্রক অফিস হতে কাজ হয়েছে মর্মে প্রতিবেদন দিয়ে বিল উত্তোলন করে চেক আমাদের কাছে রাখা আছে। আমাদের পরিকল্পনা ছিল জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে কাজ শেষ করে ঠিকাদারী প্রতিষ্ঠানকে চেক প্রদান করবো। লকডাউনের কারনে ১০ টি প্যাকেজের মধ্যে ২-৩টি প্যাকেজের কাজ শেষ হয়েছে। এছাড়া বাকি যেসকল ইউনিয়নে কাজ দেওয়া হয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান।

চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি বলেন, মোগলগাঁও ইউনিয়নে পিআইসি মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্য গৃহীত প্রকল্পে কাজ শেষ পর্যায়ে কিন্তু উপ-সহকারী প্রকৌশলী করোনা পরিস্থিতির কারণে প্রকল্প পরিদর্শন করতে পারছেন না বিধায় বিল দাখিল করা যাচ্ছে না সেক্ষেত্রে কি করনীয়।

আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান ২২ শে জুলাইয়ের মধ্যে কাজ শেষ করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত:- (১) বার্ষিক উন্নয়ণ কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্প গুলো ২২ শে জুলাইয়ের মধ্যে কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট।

(গ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :-আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার জানান, তিনি শারীরিকভাবে অসুস্থ সবার কাছে দোয়া কামনা করেন তিনি হোম আইসোলেশনে আছেন, আজ কোভিড পরীক্ষা করাবেন। তিনি জানান, বাংলাদেশ খুব খারাপ অবস্থা যাচ্ছে অতীতের সকল রেকর্ড অতিক্রম করেছি সরকারি হিসাব মতে সারাদেশে গত ২৪ ঘন্টায় ২০১ মৃত্য বরণ করেছেন। সিলেট সদর উপজেলায় খাদিমপাড়া ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালকে করোনা আইসোলেশন সেন্টার করা হয়েছে সেখানে ১৮ জন

রোগী ভর্তি আছে, শহীদ শামছুউদ্দিন আহমদ হাসপাতালে-৯৭ জন রোগী ভর্তি আছেন, কোন আইসিইউ বেড খালি নেই। তিনি সবাইকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন কারণ সিলেটে করোনা রোগীদের জন্য নির্ধারিত হাসপাতালগুলো কোন বেড খালি নাই।

ভ্যাকসিন কার্যক্রম বিষয়ে তিনি জানান, খুব শীঘ্রই সিনোফার্মের টিকা প্রত্যেকটি জেলা ও উপজেলা পর্যায়ে প্রদান করা শুরু হবে। সিটি কর্পোরেশন এলাকায় মর্ডানার টিকা প্রদান কার্যক্রম চলবে। দেশে ভ্যাকসিনের পর্যাপ্ত মজুদ আছে, ভ্যাকসিন নিবন্ধন শুরু হয়েছে।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, সরকারের ঘোষিত কঠোর লকডাউনে লোক জন বিভিন্ন অজুহাতে ঘর থেকে বাহির হচ্ছে। সিলেটে গত কালকে ০৮ জন মৃত্যু বরণ করেছেন এবং আক্রান্তের হার ৩৪% যা অতীতের সকল পরিসংখ্যান অতিক্রম করেছে। তিনি সকল জনপ্রতিনিধিদের এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন, প্রত্যেকটি মসজিদে ২ লাইনের একটি বার্তা দেওয়া হয়েছে যা প্রত্যেক ওয়াক্ত নামাজের আগে বা পরে প্রচারের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগন নিশ্চিত করার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত: (ক) করোনার ভ্যাকসিন গ্রহনে জনগনকে উদ্বুদ্ধ করতে হবে। (খ) সবাইকে লকডাউন ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

(গ) প্রত্যেকটি মসজিদে ২ লাইনের একটি বার্তা দেওয়া হয়েছে যা প্রত্যেক ওয়াক্ত নামাজের আগে বা পরে প্রচারের বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগন নিশ্চিত করবেন।

বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

<u>(ঘ)দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান শাখা:-</u> আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, বিগত বিভিন্ন সময়ে বিভিন্ন কিস্তিতে নগদ অর্থ ও চাল বরাদ্দ প্রদান করা হয়েছিল যা অনেক ইউনিয়নে এখন ও বিতরণ বাকি আছে সেগুলো আগামী কালকের মধ্যে বিতরণ করতে হবে।

তিনি আরো জানান, নতুন করে এ বছর জিআর এ ২০ টন চাল (১০ কেজি হারে) এবং ১০৩২৩ টি ভিজিএফ কার্ডের বরাদ্দ পাওয়া গেছে। ভিজিএফ কার্ডে ১০ কেজি হারে চালের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নের অনুকূলে আরোও কিছু নগদ টাকা বরাদ্দ ছিল সেগুলো দিয়ে খাদ্য সামগ্রী ক্রয়করে প্যাকেট করা হবে আপনারা প্যাকেট বিতরণ করবেন এবং মাস্টাররোল দাখিল করবেন। খাদিমপাড়া ও খাদিমনগর টুকেরবাজার ইউনিয়নে বরাদ্দ বেশী হওয়ায় জন সমাগম এড়িয়ে ওয়ার্ড পর্যায়ে ত্রাণ সামগ্রী বিতরণ করবেন। বিতরণের সময় এলাকার স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, গন্যমান্য ব্যক্তি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান ও মিডিয়াকে সম্পৃক্ত করতে হবে। প্রতিদিন ত্রাণ বিতরণ অব্যাহত রাখার প্রস্তাব করেন।

আলোচনাকালে ০৮ নং কান্দিগাঁও ইউপি চেয়ারম্যান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে যেসকল ঘর তৈরী করা হচ্ছে সেগুলো নিয়ে চিন্তিত বলে জানান। ঘরের জায়গা নির্ধারণ কাজে জড়িত তপশিলদাররা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সাথে যোগাযোগ করলে জায়গা নির্ধারণে সুবিধা হতো। এখন নদীর ধারে ঘরের জায়গা নির্ধারণ করা হলে জানারপর এটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হওয়ায় আমরা সকল সহযোগিতা করেছি।গত কয়েকদিন যাবত সারাদেশে ঘর নিয়ে সমালোচনা হচ্ছে এবং মামলা হচ্ছে। এঘর নির্মাণে কার কাছ থেকে ইট ক্রয় করা হচ্ছে, কে কাজ করছে সেগুলো আমরা জানি না কিন্তু যাদের ঘর দেওয়া হবে তাদের নামের তালিকা দিলাম আমরা। তিনি বলেন, আমরা আগেই বলেছি ঘর প্রতি যে বরাদ্দ পাওয়া গেছে তা দিয়ে মানসম্মত ঘর তৈরী করা যাবে না। তিনি সদর উপজেলায় যে সকল ঘর নির্মাণ করা হয়েছে সেগুলো অনেক ভালো বলে জানান।

তিনি আরো জানান, সদর বিশ্বনাথ সীমানা নিয়ে সমস্যা ছিল অনেক দিন যাবত সমাধান হচ্ছে না কিন্তু উপজেলা নির্বাহী অফিসার মহোদয় নাকি অর্ধেক অর্ধেক করে সমাধান করে দিচ্ছেন।

আলোচনাকালে মোগলগাঁও ইউপি চেয়ারম্যান মোগলগাঁও ফতেহপুর এলাকায় ও বিশ্বনাথের সাথে সীমানা নিয়ে সমস্যার কথা উল্লেখ করেন।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, বিশ্বনাথ ও সদর এর সহকারী কমিশনার (ভূমি) ফতেহপুর মৌজার সমস্যা সমাধান করে দিয়েছে। কান্দিগাঁও ইউনিয়নে সীমানার সমস্যা সমাধানে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে এলাকার লোকজন নিয়ে সার্ভেয়ারসহ সরেজমিন পরিদর্শন করে পরিমাপ করা হয়েছে, যেহেতু ঘোপাল উত্তর মৌজার সাথে বিশ্বনাথ বাওনপুর মৌজার মধ্যবর্তী নদী ভরাটকৃত জায়গা তাই নকশা অনুযায়ী বিশ্বনাথ ও সদরের অর্ধেক অর্ধেক করে সীমানা নির্ধারণ করা হয়েছে, বিশ্বনাথের বিআরএস নকশা অনুযায়ী এ জায়গা বিশ্বনাথ উপজেলার অন্তর্ভূক্ত, সদরের বিআরএস নকশা পাওয়া গেলে পুনরায় পরিমান করা যাবে।

অদ্য সভার সভাপতি বলেন, সীমানা নিয়ে প্রথমে কথা আমারা বলেছিলাম এবং এ বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করলে তিনি বলেছিলেন যদি নকসা অনুযায়ী সদর উপজেলার জায়গা থাকে তাহলে ঘর সহ জায়গা সদর কে দেওয়া হবে। তিনি জন প্রতিনিধিদের নিয়ে উক্ত সমস্যা সমধানের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত:- (ক) আগামীকাল হতে বরাদ্ধকৃত ত্রাণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মিডিয়াকে সংযুক্ত করতে হবে।
(খ) লকডাউন শেষ হলে কান্দিগাঁও ও মোগলগাঁও ইউনিয়নের সীমানা নিয়ে দুই উপজেলার জনপ্রতিনিধিদের নিয়ে আলোচনা করে নকসা অনুযায়ী সীমানা নির্ধারণ করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগ:- আলোচনাকালে উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান সম্প্রতি তার বদলী আদেশ হয়েছে, উনার আচরণে কেউ কোন কষ্ট পেয়ে থাকলে ক্ষমা করার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত :- বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট।

আলোচনা ০৩:- কমিটির সুপারিশ পর্যালোচনাঃ- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান বলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ১৭ টি কমিটি সভাপতি নির্ধারণ করে দেওয়া হয়েছে। কিন্তু কমিটি গুলো নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করতে হবে। তিনি সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব ও সকল সদস্যদের তাদের নিজ নিজ দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিক দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট।

আলোচনা ০৪:-নতুন সার্কুলার, প্রজ্ঞাপন,বিধি অগ্রগতির জন্য উপস্থাপনঃ- নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির জন্য না থাকায় এ বিষয়ে কোন আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়নি।

আলোচনা ০৫:-মাননীয় উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনঃ- মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি।

আলোচনা ০৬:-আয়-ব্যয়ের হিসাব বিবরনীঃ- চলতি মাসে কোন রাজস্ব ব্যয় নাই।

আলোচনা-০৭: বিবিধ-০১:- আলোচনাকালে টুলটিকর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বলেন, পবিত্র ঈদ উল আযহা-২০২১ উপলক্ষ্যে অস্থায়ী পশুর হাটে করোনা পরিস্থিতে এক এলাকার জনগন অন্য এলাকায় না যেতে হয় সেলক্ষ্যে ৫নং টুলটিকর ইউপিস্থ এভারগ্রীন সিটি সংলগ্ন মাঠে অস্থায়ী পশুর হাট স্থাপন করার প্রস্তাব করেন।

আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, গত মাসের সভায় পবিত্র ঈদ উল আযহা-২০২১ উপলক্ষ্যে অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য ১নং জালালাবাদ ইউপিস্থ ইসলামগঞ্জ বাজার সংলগ্ন মাঠ ; ৬নং টুকেরবাজার ইউপিস্থ তেমুখী পয়েন্ট শরীফ কমিউনিটি সেন্টারের পশ্চিমে খালি মাঠ; ৬নং টুকেরবাজার ইউপিস্থ লাক্কাতুরা চা শ্রমিকদের মন্ডপ সংলগ্ন মাঠে স্থান নির্ধারণ করা হয় এবং কর্তৃপক্ষের অনুমোদন জন্য প্রেরণ করা হয়েছে ; অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। তিনি আরোও বলেন, স্থানীয় সরকার বিভাগ হতে অস্থায়ী পশুরহাট স্থাপনের বিষয়ে যে পত্র দেয়া হয়েছে তাতে প্রথম সিদ্ধান্ত হচ্ছে সড়ক মহাসড়কের পাশে ও সন্নিকটে পশুর হাট স্থাপন করা যাবে না।

আলোচনাকালে ৪নং খাদিমপাড়া ইউপি চেয়ারম্যান, খাদিমপাড়া ইউপিস্থ চামেলীবাগ এলাকার ওয়াকওয়ের বিপরীতে খালি মাঠে অস্থায়ী পশুর হাট বসানো প্রস্তাব করেন।

আলোচনাকালে ৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান, খাদিমনগর ইউপিস্থ ধুপাগুল পয়েন্ট সংলগ্ন মাঠে অস্থায়ী পশুর হাট বসানো প্রস্তাব করেন।

অদ্য সভার সভাপতি বলেন, সিটি কর্পোরেশনে রাস্তার পাশে মাঠ বরাদ্দ দিলে কেন উপজেলার ক্ষেত্রে কেন অনুমোদন দেওয়া হবে না। তিনি টুলটিকর, খাদিমপাড়া ও খাদিমনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের আবেদন গ্রহনে প্রস্তাব করেন।

সিদ্ধান্ত:- সভায় সর্বসম্মতিক্রমে পবিত্র ঈদ উল আযহা-২০২১ উপলক্ষ্যে অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য নিম্নে উল্লেখিত স্থান নির্ধারণ করা হয় এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অস্থায়ী পশুর হাটের ইজারা ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। ৪নং খাদিমপাড়া ইউপিস্থ চামেলীবাগ এলাকার ওয়াকওয়ের বিপরীতে খালি মাঠ।
০২। ৫নং টুলটিকর ইউপিস্থ এভারগ্রীন সিটির খালি মাঠ।
০৩। ৩নং খাদিমনগর ইউপিস্থ ধুপাগুল পয়েন্ট সংলগ্ন মাঠ।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

বিবিধ-০২:- : আলোচনাকালে উপজেলা পরিচালন ও উন্নয়ণ প্রকল্পের (ইউজিডিপি) ইউডিএফ সভাকে জানান, সিলেট সদর উপজেলা পঞ্চম ধাপের মূল্যায়ণে উত্তীর্ণ হয়েছে। আগামী বছরে আবারও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার বরাদ্দ দেওয়া হবে। সিলেট সদর উপজেলার ২০১৮-১৯ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ণ খাতে তিনটি প্রকল্প পিএমইউর অনুমোদন পাওয়ার পর দরপত্র আহবান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ণ খাতে গৃহীত প্রকল্পে প্রাক্কলন চলতি মাসের মধ্যে পিএমইউতে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। তিনি আরোও জানান, যেহেতু পঞ্চম ধাপে উত্তীর্ণ হয়েছি সেহেতু আগামী বছরে সক্ষমতা উন্নয়ণ ও অবকাঠামো উন্নয়ণ প্রকল্প গ্রহনের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত:- সভায় সর্বসম্মতিক্রমে পঞ্চম ধাপে সক্ষমতা উন্নয়ণ ও অবকাঠামো উন্নয়ণ প্রকল্প গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে:- চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

এছাড়া মৎস্য বিভাগ, সমাজসেবা বিভাগ, প্রানী সম্পদ বিভাগ সহ অন্যান্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত-বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।

225

অতপর সভার আলোচ্যসূচীতে অন্য কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(অশিক্বক আহমদ)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ২৮ (৫০)
তারিখ: ১১/ ০৭/ ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,-------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,-----------------সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

২১/০৭/২০২১
(কাজী মহুয়া মমতাজ)
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

<u>পরিশিষ্ট-ক</u>

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব মানিক মিয়া | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব আফছর আহমদ | চেয়ারম্যান, ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব এ এস এম আলী হোসেন | চেয়ারম্যান ৫নং টুলটিকর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব নিজাম উদ্দিন | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | মিজ্ মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য-আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | জনাব রাকিবুল হাসান | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব দ্বিজরাজ বর্মন | উপজেলা সিনিয়র মৎস অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | জনাব মো: সাইফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মো: গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | মিজ্ নাহিদ পারভীন | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব মনোজ কান্তি দাস চৌধুরী | |

উক্ত মাসিক সভা অনলাইনে হওয়ায়
উপস্থিত ব্যক্তিদের স্বাক্ষর নেয়া গেলনা,